

খেলনা

নতুন খেলনার ব্যাপারে লেবেলিং ও নিরাপত্তা বিষয়ক শর্ত যা খুচরা বিক্রেতাদের ক্ষেত্রে প্রযোজ্য, এবং সেকেন্ড-হ্যান্ড খেলনা বিক্রির ক্ষেত্রে আইনটি যেভাবে প্রয়োগ হয়

এই নির্দেশিকায় রয়েছে

- [লেবেলিং](#)
- [সতর্কতা ও নির্দেশনা](#)
- [সেকেন্ড হ্যান্ড খেলনা](#)
- [আপনার দায়িত্বগুলো](#)
- [বাস্তবসম্মত খেলনা বন্ধুক](#)
- [খেলনা উৎপাদন](#)
- [আরো তথ্য](#)
- [ট্রেডিং স্ট্যান্ডার্ডস](#)
- [গুরুত্বপূর্ণ আইন](#)

বিশেষ দ্রষ্টব্য: যদিও ইউনাইটেড কিংডম ইউরোপিয়ান ইউনিয়ন থেকে বের হয়ে গিয়েছে, তবুও কিছু আইন (আনুষ্ঠানিকভাবে 'রিটেইনড ইইউ ল' হিসেবে পরিচিত) এখনো প্রয়োগ হবে যতদিন পর্যন্ত না সেগুলো ইউকে আইন দ্বারা প্রতিস্থাপিত হবে; এর অর্থ হচ্ছে আপনি আমাদের নির্দেশিকাতে এখনো ইইউ রেগুলেশনের উল্লেখ দেখতে পাবেন।

এই নির্দেশিকাটি হচ্ছে ইংল্যান্ড, স্কটল্যান্ড ও ওয়েলসের জন্য

খেলনার লেবেলিং করার ব্যাপারে অনেকগুলো শর্ত রয়েছে, যার মাঝে রয়েছে উৎপাদক / আমদানীকারকের নাম ও ঠিকানা, ধরণ, ব্যাচ, মডেল বা সিরিয়াল নম্বর, ইউকেসিএ মার্ক, এবং সতর্কতা ও নির্দেশনা।

টয়েস (সেফটি) রেগুলেশন ২০১১ একটি ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহ করা নতুন খেলনার নিরাপত্তা বিষয়ক আইনি শর্তগুলো নির্ধারণ করেছে। খেলনার সংজ্ঞা প্রদান করা হয়েছে “১৪ বছরের কম বয়সী শিশুদের খেলায় ব্যবহৃত হওয়ার জন্য ডিজাইন করা বা অভিপ্রেত (শুধুমাত্র এজন্য হোক বা না হোক)পণ্য”।

সেকেন্ড-হ্যান্ড খেলনার জন্য একটু ভিন্ন শর্ত রয়েছে যেহেতু সেগুলো নতুন খেলনার মতো একই রেগুলেশনের অধীনে নয়।

লেবেলিং

কোনো ব্যবসার জন্য যে খেলনাগুলো আপনি সরবরাহ করবেন তার সবকয়টিতে নিম্নলিখিত মার্কিংগুলো থাকতে হবে:

- উৎপাদকের নাম ও ঠিকানা, বা যদি ইউকে এর বাইরে উৎপাদন হয়ে থাকে, তাহলে উৎপাদক ও ইউকেতে আমদানীকারকের নাম ও ঠিকানা
- ধরণ, ব্যাচ, সিরিয়াল বা মডেল নম্বর
- ইউকেসিএ মার্কিং



ইউকেসিএ মার্কিংটি হচ্ছে উৎপাদকের একটি ঘোষণা যে খেলনাটি নিরাপদ।

এই মার্কিংগুলো অবশ্যই খেলনায় বা এর প্যাকেজিংয়ে থাকতে হবে এবং এগুলো চিরস্থায়ী হতে হবে এবং সহজে পড়া যেতে হবে।

ছোটো খেলনার ক্ষেত্রে এই মার্কিংগুলো থাকতে হবে:

- খেলনার সাথে সংযুক্ত একটি লেবেলে
- সাথে থাকা লিফলেটে

ইউকেসিএ মার্কিং – এবং ইউকেএনআই ও সিই চিহ্নের -ব্যাপারে আরো তথ্যের জন্য দেখুন ['পণ্য নিরাপত্তা: ডিউ ডিলিজেন্স'](#)

[উপরে ফেরত যান](#)

সতর্কতা ও নির্দেশনা

কিছু কিছু খেলনায় নিরাপদে ব্যবহার নিশ্চিত করতে কী কী সতর্কতা গ্রহণ করতে হবে সে ব্যাপারে অবশ্যই সতর্কতা ও নির্দেশনা থাকতে হবে। নিম্নলিখিত ক্ষেত্রে বিশেষ সতর্কতা প্রয়োজন (এবং যেসব ক্ষেত্রে সুনির্দিষ্ট নির্দেশনা প্রয়োজন, আপনার উচিত আরো উপদেশ চাওয়া বা সরাসরি রেগুলেশনগুলো দেখা):

- যে খেলনাগুলো তিন বছরের কমবয়সী শিশুদের জন্য উপযুক্ত নয় সেগুলোর ক্ষেত্রে তা উল্লেখ করে একটি সতর্কতা থাকতে হবে, সাথে কারণটি উল্লেখ থাকতে হবে - যেমন শ্বাসরুদ্ধ হওয়ার ঝুঁকি। এটি একটি চিত্রলিপি বা শব্দের মাধ্যমে হতে পারে (এই মার্কিংটি কখনোই এমন কোনো খেলনায় থাকতে পারবে না যেগুলো তিন বছরের কমবয়সী শিশুদের জন্য উপযুক্ত, যেমন র‍্যাটলস, টিথার ও সফট-বডিড টয়)



- সুইং, স্লাইড ও এই ধরনের খেলনার ক্ষেত্রে অ্যাসেম্বলি করার, এবং সময়ে সময়ে চেক করা ও রক্ষণাবেক্ষণের ব্যাপারে নির্দেশনা প্রয়োজন
- 'ফাংশনাল' খেলনার (যেগুলো বড়োদের ব্যবহারের জন্য যন্ত্রপাতির মতোই ব্যবহৃত হয় এবং প্রায়ই সেগুলোর ছোটো মডেল) ক্ষেত্রে নিম্নলিখিত মার্কিং থাকতে হবে: 'Warning: to be used under the direct supervision of an adult' [সতর্কতা: কেবলমাত্র একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির সরাসরি তত্ত্বাবধানে ব্যবহার করতে হবে]। এগুলোর ক্ষেত্রে নির্দিষ্ট নিরাপত্তামূলক নির্দেশনা প্রয়োজন এবং একটি নির্দেশনা প্রয়োজন যে এগুলো খুব ছোটো শিশুদের নাগালের বাইরে রাখতে হবে।
- যেসকল খেলনায় সহজাতভাবে বিপজ্জনক বস্তু বা প্রস্তুতপ্রণালী থাকে (যেমন কেমিক্যাল খেলনা) সেগুলোর জন্য সুনির্দিষ্ট নিরাপত্তাবিষয়ক নির্দেশনা থাকতে হবে, ব্যবহারের জন্য সর্বনিম্ন বয়সের সীমার ব্যাপারে একটি বিবৃতি থাকতে হবে এবং একটি বিবৃতি থাকতে হবে যে সেগুলো কেবলমাত্র প্রাপ্তবয়স্কদের তত্ত্বাবধানেই ব্যবহার করা যাবে। যেখানে যথাযথ, সেখানে রেগুলেশন (ইসি) নম্বর ১২৭২ / ২০০৮ বস্তু ও মিশ্রণের ক্লাসিফিকেশন, লেবেলিং ও প্যাকেজিং অনুযায়ী অতিরিক্ত শর্ত প্রযোজ্য হতে পারে।
- স্কেটবোর্ড বা স্কেটসের মতো খেলনার ক্ষেত্রে সুনির্দিষ্ট নির্দেশনা ও নিম্নলিখিত মার্কিং থাকতে হবে: 'Warning: protective equipment should be worn. Not to be used in traffic' [সতর্কতা: প্রতিরক্ষামূলক সরঞ্জাম পরতে হবে। ট্রাফিকে ব্যবহার করা যাবে না]

- পানিতে ব্যবহারের খেলনায় (যেমন রাবার রিং) নিম্নলিখিত মার্কিং থাকতে হবে: 'Warning: only to be used in water in which the child is within its depth and under adult supervision' [সতর্কতা: কেবলমাত্র শিশুর জন্য উপযুক্ত পর্যায়ে গভীরতার পানিতে এবং প্রাপ্তবয়স্ক ব্যক্তির তত্ত্বাবধানে ব্যবহার করা যাবে।]

[উপরে ফেরত যান](#)

সেকেন্ড-হ্যান্ড খেলনা

সেকেন্ড-হ্যান্ড খেলনাগুলো জেনারেল প্রডাক্ট সেফটি রেগুলেশন ২০০৫ এর অধীনে – টয়স (সেফটি) রেগুলেশনস ২০১১ এর অধীনে নয় – সুতরাং সেগুলোতে ইউকেসিএ এর মার্কিং বা উপাদক / আমদানীকারকের ঠিকানা থাকতে হবে না, যদিও এগুলো নিরাপদ হতে হবে। বিশেষ সতর্কতা ও নির্দেশনা (উপরে দেখুন) সেকেন্ড-হ্যান্ড ও নতুন উভয় ক্ষেত্রেই প্রয়োজন।

আপনার জন্য পরামর্শ হচ্ছে কেবল তেমন সেকেন্ড হ্যান্ড খেলনাই বিক্রি করা যেগুলোতে ইউকেসিএ মার্কিং আছে, যে কোনো সংশ্লিষ্ট নির্দেশনা ও সতর্কতা রয়েছে এবং স্পষ্ট ক্রটি আছে কি না তা পরীক্ষা করা হয়েছে।

[উপরে ফেরত যান](#)

আপনার দায়িত্বগুলো

যদি আপনার এমন মনে করার কোনো কারণ থাকে যে খেলনাটি অনিরাপদ বা কোনো ঝুঁকি সৃষ্টি করে – যেমন, আপনি একটি অভিযোগ পেলেন যে একটি খেলনা কোনো শিশুকে জখম করেছে – তাহলে আপনাকে অবশ্যই:

- ট্রেডিং স্ট্যান্ডার্ডস ও আপনার সাপ্লাইয়ারকে ঝুঁকির ব্যাপারে জানাতে হবে
- যথাযথ হলে খেলনাটির বিক্রি প্রত্যাহার করতে হবে
- ট্রেডিং স্ট্যান্ডার্ডকে নিম্নলিখিত বিষয়ে তথ্য প্রদান করতে হবে:
 - খেলনাটি যে ঝুঁকি সৃষ্টি করে
 - এই ক্ষেত্রে যা মান্য করা হয়নি
 - যে পদক্ষেপগুলো নেওয়া হয়েছে

আপনার স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিস হয়তো গৃহীত কোনো পদক্ষেপের ব্যাপারে সহযোগিতা করার অনুরোধ জানাতে পারে।

আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে যখন কোনো খেলনা আপনার দায়িত্বে থাকবে তখন এটি এমনভাবে মজুদ ও পরিবহণ করতে হবে যে তা খেলনাটির নিরাপত্তা বিপন্ন না করে।

সবশেষে, আপনাকে অবশ্যই যে ব্যবসা প্রতিষ্ঠানটি আপনাকে খেলনাটি সরবরাহ করেছে সেটিকে ১০ বছরের জন্য চিহ্নিত করতে পারতে হবে (অন্য কথায়, আপনাকে ইনভয়েস রাখতে হবে ইত্যাদি)।

[উপরে ফেরত যান](#)

বাস্তবসম্মত খেলনা বন্দুক

১৮ বছরের কম কারো কাছে নকল আগ্নেয়াস্ত্র বিক্রি করা যাবে না। খেলনা খুচরা বিক্রেতাদের অবশ্যই সাবধান থাকতে হবে যেন তারা অসাবধানতাবশত এমন কিছু বিক্রি না করে যা হয়তো একটি নিরীহ খেলনা বন্দুক মনে হয় কিন্তু আইন হয়তো সেটিকে একটি নকল আগ্নেয়াস্ত্র মনে করে।

আরো তথ্যের জন্য দেখুন ['ক্রসবো, এয়ার অস্ত্র ও নকল আগ্নেয়াস্ত্র '](#)

[উপরে ফেরত যান](#)

খেলনা উৎপাদন

আপনি যদি খেলনা বানান ও বিক্রিও করেন, তাহলে আরো অনেক শর্ত আছে যেগুলো এই গাইডে স্থান দেওয়া সম্ভব নয়। অনুগ্রহ করে আপনার স্থানীয় ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসের সাথে পরামর্শের জন্য যোগাযোগ করুন। নিচে সংযুক্ত নির্দেশিকাতেও আপনি উপকারী তথ্য পাবেন।

[উপরে ফেরত যান](#)

আরো তথ্য

অফিস ফর প্রডাক্ট সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস (ওপিএসএস) একটি [নির্দেশিকা](#) প্রকাশ করেছে টয়েস (সেফটি) রেগুলেশন ২০১১ এর উপর। নির্দেশিকাটিতে ইউকে ইইউ ছাড়ার ফলে আইনে সংশোধন বিবেচনায় নিয়েছে।

[উপরে ফেরত যান](#)

ট্রেডিং স্ট্যান্ডার্ডস

ট্রেডিং স্ট্যান্ডার্ডস সার্ভিসের কাজের ব্যাপারে আরো তথ্যের জন্য - এবং আইন মান্য না করার সম্ভাব্য পরিণতি সম্পর্কে জানতে - অনুগ্রহ করে দেখুন ['ট্রেডিং স্ট্যান্ডার্ড: ক্ষমতা, এনফোর্সমেন্ট ও দন্ড'](#)

[উপরে ফেরত যান](#)

গুরুত্বপূর্ণ আইনগুলো

[জেনারেল প্রডাক্ট সেফটি রেগুলেশনস ২০০৫](#)

[রেগুলেশন \(ইসি\) নম্বর ১২৭২ /২০০৮](#) বস্তু ও মিশ্রণের ক্লাসিফিকেশন, লেবেলিং ও প্যাকেজিংএর উপরে

[টয়েস \(সেফটি\) রেগুলেশন ২০১১](#)

[প্রডাক্ট সেফটি অ্যান্ড মেটোলজি এটসেটরা \(অ্যামেন্ডমেন্ট একসেটরা\) \(ইইউ এক্সিট\) রেগুলেশন ২০১৯](#)

সর্বশেষ পর্যালোচনা / হালনাগাত করা হয়েছে: নভেম্বর ২০২১

এই হালনাগাদে

ওপিএসএস নির্দেশনার লিংক সংযুক্ত করা হয়েছে

অনুগ্রহ করে লক্ষ্য করুন

এখানকার তথ্যগুলো কেবলমাত্র নির্দেশনার জন্য; কেবলমাত্র আদালতই আইনের কর্তৃত্বপূর্ণ ব্যাখ্যা প্রদান করতে পারেন।

গাইডের 'গুরুত্বপূর্ণ আইন' লিংকগুলো আইনের কেবল মূল সংস্করণটিই দেখাতে পারে, যদিও কিছু সংশোধিত আইনও আলাদা করে সংযুক্ত করা আছে যেখানে এটি নির্দেশিকার বিষয়বস্তুর সাথে সরাসরি সম্পর্কিত। আইনের সংশোধনীর ব্যাপারে তথ্য পাওয়া যাবে প্রতিটি লিংকের 'মোর রিসোর্সেস' ট্যাবে।

এই হালনাগাতে

ওপিএসএস নির্দেশিকার লিংক সংযুক্ত করা হয়েছে।